

# Visit of External Affairs Minister, Dr. S. Jaishankar, to Australia and Philippines (February 10-15, 2022)

February 09, 2022

## বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকরের অস্ট্রেলিয়া এবং ফিলিপাইনস সফর (ফেব্রুয়ারি 10 - 15, 2022)

ফেব্রুয়ারি 09, 2022

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর তার অস্ট্রেলিয়ান সমতুল মিস মারিসে পায়নের আমন্ত্রণে 10 - 13 ফেব্রুয়ারি 2022 তারিখে এক সরকারি সফরে অস্ট্রেলিয়া যাচ্ছেন। অস্ট্রেলিয়াতে বিদেশমন্ত্রীর এটাই হবে প্রথম সফর। সীমান্ত খোলার পরে, এটাই হবে ভারতের তরফ থেকে অস্ট্রেলিয়াতে প্রথম উচ্চস্তরীয় সফর, যেটি কোভিড -19 অতিমারি প্রকোপের জন্য বন্ধ রাখা ছিল।

2. বিদেশমন্ত্রী অস্ট্রেলিয়া, জাপান এবং মার্কিন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রীদের সাথে মেলবোর্নে 11 ফেব্রুয়ারি 2022-এ চতুর্থ কোয়ড পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠকে অংশগ্রহণ করবেন। 2021 সালের ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত মন্ত্রীদের তাদের ভারুয়াল বৈঠকে ফলোআপ করার এবং একটি উদার, উন্মুক্ত এবং অন্তর্ভুক্তিমূলক ইন্দো-প্যাসিফিক অঞ্চলে তাদের অংশীদারি দৃষ্টিভঙ্গির আঞ্চলিক কৌশলগত বিষয়ে মতামত বিনিময় করার এটি একটি সুযোগ হবে। মন্ত্রীরা বজায় থাকা কোয়ড সহযোগিতা পর্যালোচনা করবেন এবং কোভিড তিমায়ে, সরবরাহ চেইন, জটিল প্রযুক্তি, জলবায়ু পরিবর্তন, অবকাঠামো ইত্যাদির মতো সমসাময়িক চ্যালেঞ্জ মোকাবিলায় 2021 সালে দুই শীর্ষ সম্মেলনে নেতাদের দ্বারা ঘোষিত ইতিবাচক ও গঠনমূলক এজেন্ডা তৈরি করবেন।

3. বিদেশমন্ত্রী (ইএএম) এবং অস্ট্রেলিয়ার বিদেশমন্ত্রী 12 ই ফেব্রুয়ারি 2022 তারিখে অনুষ্ঠিতব্য 12তম বিদেশমন্ত্রীদের পরিকাঠামো আলোচনার যুগ্ম সভাপতিত্ব করবেন।

4. একইদিনে, বিদেশমন্ত্রী অস্ট্রেলিয়ার বিদেশমন্ত্রী মিস মারিসে পায়নের সাথে যুগ্মভাবে ফরেন মিনিস্টারস সাইবার ফ্রেমওয়ার্ক ডায়ালগ(এফএমএফডি)-এর উদ্বোধনের সভাপতিত্ব করবেন। মন্ত্রীরা সাইবার ও সাইবার-সক্ষম জটিল প্রযুক্তি সহযোগিতা এবং সহায়ক কার্য পরিকল্পনার উপরে ইন্দো-অস্ট্রেলিয়া পরিকাঠামো ব্যবস্থার বাস্তবায়নের অগ্রগতির মূল্যায়ন করবেন যেগুলি 2020 সালের জুন মাসে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী স্কট মরিশসনের মধ্যে ভারুয়াল শীর্ষ সম্মেলনের পাশাপাশি স্বাক্ষরিত হয়েছিল।

5. অস্ট্রেলিয়ার রাজনৈতিক নেতৃবৃন্দ, শিক্ষাবিদ এবং ব্যবসায়িকদের পাশাপাশি ভারতীয় প্রবাসী এবং ছাত্রদের সাথেও বিদেশমন্ত্রীর বৈঠক নির্ধারিত রয়েছে।

6. ইএএম 13 -15 ই ফেব্রুয়ারি 2022 -এ ফিলিপাইনে একটি দ্বিপাক্ষিক সফরও করবেন। বিদেশমন্ত্রী হিসেবে এটিই হবে তার প্রথম ফিলিপাইন সফর।

7. ইএ এম তার সমতুল ফিলিপাইনের বিদেশমন্ত্রী তেওদেরো এল লকসিন জুনিয়ারের সাথে বৈঠক করবেন। মন্ত্রীরা 2020 সালের নভেম্বরে ভারুয়াল ফর্ম্যাটে তাদের যুগ্ম-সভাপতিত্বে সংগঠিত দ্বিপাক্ষিক সহযোগিতা সংক্রান্ত যৌথ কমিশনের বৈঠকের পর থেকে দ্বিপাক্ষিক সম্পর্কের

গ্রগতির পর্যালোচনা করবেন। পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়গুলি নিয়েও আলোচনা করা হবে।

৪. ফিলিপাইন্সের রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে অন্যান্য আলোচনার অতিরিক্ত ই এ এম, তার সফর কালে ম্যানিলায় ভারতীয় সম্প্রদায়ের সাথে আলাপ আলোচনাও করবেন।

৯. এই সফরটি ইন্দো-প্যাসিফিক, অস্ট্রেলিয়া এবং ফিলিপাইনে আমাদের মূল অংশীদারদের সাথে দ্বিপাক্ষিক সম্পর্কের আরও গতি বাড়াতে বলে আশা করা হচ্ছে, যা আসিয়ানের একটি নেতৃস্থানীয় সদস্যও।

নিউ দিল্লি

ফেব্রুয়ারি ০৯, ২০২২

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.